অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/3/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ঘোষণা দিয়েছেন যে বেথপেজ ব্ল্যাক (BETHPAGE BLACK)-এ অনুষ্ঠেয় 2019 PGA চ্যাম্পিয়নশীপ (PGA CHAMPIONSHIP)-এ 200,000-এরও বেশি দর্শনার্থীর উপস্থিতি আশা করা যাচ্ছে

টুর্নামেন্টটির অর্থনৈতিক প্রভাব 120 মিলিয়ন ডলার ছাড়িয়ে যাবে বলে আশা করা যাচ্ছে

PGA চ্যাম্পিয়নশীপ (PGA Championship)-এর ফলশ্রুতিতে ইতোমধ্যেই 1,100টি পূর্ণকালীন ও খণ্ডকালীন চাকরির সুযোগ তৈরি হয়েছে

এই আয়োজনটি নিউইয়র্কের পর্যটন ও কৃষি খাতের বিকাশে ভূমিকা রাখবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে ফার্মিংডেল (Farmingdale)-এর বেথপেজ স্টেট পার্কে (Bethpage State Park) অনুষ্ঠেয় 101তম PGA চ্যাম্পিয়নশীপে 200,000-এরও বেশি দর্শনার্থী অংশ নেবে। মে মাসের 13 থেকে 19 তারিখ পর্যন্ত অনুষ্ঠিতব্য সপ্তাহব্যাপী এই আয়োজনের ফলশ্রুতিতে এই অঞ্চলে 120 মিলিয়ন ডলারের বেশি অর্থনৈতিক প্রভাব পড়বে এবং স্টেট-এর কৃষি খাত থেকে অনুষ্ঠানে অংশগ্রহণকারীদের খাবার ও পানীয় সরবরার করার সুযোগ থাকবে। PGA চ্যাম্পিয়নশীপ-এর ফলশ্রুতিতে ইতোমধ্যেই 1,100টি পূর্ণকালণীন ও খণ্ডকালীন চাকরির সুযোগ তৈরি হয়েছে

"বেথপেজ ব্ল্যাক (Bethpage Black)-এ 2019 PGA চ্যাম্পিয়নশীপটি আয়োজন করতে পেরে এবং সারা বিশ্বের 200,000-এরও বেশি দর্শনার্থীকে নিউইয়র্ক স্টেটের (New York State) স্বাগত জানাতে পেরে নিউইয়র্ক গর্বিত", **গভর্নর কুওমো বলেন।** "PGA'র সাথে অংশীদারিত্ব ইতোমধ্যে নতুন কর্মসংস্থান তৈরি করছে এবং এর ফলে নিউইয়র্ক আন্তর্জাতিক প্রচারের আলোতেও আসবে, যা নিউইয়র্ক-কে ক্রীড়ানুরাগীদের অন্যতম আকর্ষণ হিসেবে প্রতিষ্ঠা করার জন্য আমাদের অব্যাহত প্রচেষ্টাকে জোরদার করবো।"

"এ মাসের শেষের দিকে অনুষ্ঠিতব্য PGA চ্যাম্পিয়নশীপ হাজারো দর্শনার্থীকে নিউইয়র্কের প্রতি আকৃষ্ট করবে বলে আশা করা যাচ্ছে", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "আমরা এ বছরের টুর্নামেন্টটি বেথপেজ স্টেট পার্ক (Bethpage State Park)-এ আয়োজন করতে পেরে গর্বিত, যা কর্মসংস্থান তৈরি করছে এবং আনুমানিক 100 মিলিয়ন ডলারেরও বেশি অর্থনৈতিক প্রভাব ফেলবে বলে আশা করা যাচ্ছে। আমরা PGA আমেরিকাকে (PGA of America) ধন্যবাদ জানাই এবং বিশ্বের নানা প্রান্তের ক্রীড়াপ্রেমীদের সপ্তাহব্যাপী এই ক্রীড়া অনুষ্ঠানে স্বাগত জানাচ্ছি যার মাধ্যমে নিউইয়র্ক তার সেরাটা তুলে ধরছে।"

নাসাউ কাউন্টি এক্সিকিউটিভ লরা কারান বলেন, "আমি বহুল আলোচিত PGA চ্যাম্পিয়নশীপ-কে টুর্নামেন্টটির ইতিহাসে প্রথমবারের মতো নাসাউ কাউন্টি (Nassau County)-তে স্বাগত জানাই। চ্যাম্পিয়নশীপটি ইতোমধ্যে আমাদের অঞ্চলে 100 মিলিয়ন ডলারেরও বেশি অর্থনৈতিক সুবিধা বয়ে নিয়ে

এসেছে এবং 1,100টিরও বেশি পূর্ণকালীণ বা খণ্ডকালীণ চাকরি তৈরি করেছে। নাসাউ কাউন্টি প্রস্তুত এবং স্টেট ও স্থানীয় অংশীদারদের পূর্ণ সমন্বয়ে চ্যাম্পিয়নশীপটি যাতে নিরবচ্ছিন্ন ও নিরাপদে অনুষ্ঠিত হয় তা নিশ্চিত করবে।"

সাফোক কাউন্টির এক্সিকিউটিভ স্টিভ বেলোন বলেন, "দেশের অন্যকোনো অঞ্চল বছরের পর বছর ধরে ইউএস ওপেন (U.S. Open) ও PGA চ্যাম্পিয়নশীপ (PGA Championship) অনুষ্ঠানের আয়োজক হিসেবে গর্ব করতে পারে না। লং আইল্যান্ড (Long Island) দেশের মধ্যে গলফ-এর মক্কা হিসেবে খ্যাতি অর্জন করেছে, এবং বলাই বাহুল্য যে এটি 100 মিলিয়ন ডলারের কাছাকাছি অর্থনৈতিক প্রভাব সৃষ্টি করেছে যা নাসাউ ও সাফোল্ক কাউন্টিগুলোর (Nassau and Suffolk Counties) জন্য অর্থনৈতিক সুবিধা বয়ে আনবে। এই বিশ্বমানের ক্রীড়া অনুষ্ঠানটির আয়োজনে প্রস্তুতি গ্রহণে আমি গভর্নর কুওমো ও PGA চ্যাম্পিয়নশীপ-কে তাদের অংশীদারীত্বের জন্য ধন্যবাদ জানাই।"

PGA চ্যাম্পিয়নশীপের ফলে কমপক্ষে 120 মিলিয়ন ডলারের অর্থনৈতিক প্রভাব সৃষ্টি ছাড়াও ইতোমধ্যে 1,100টিরও বেশি পূর্ণকালীণ ও খণ্ডকালীণ চাকরির সুবিধা তৈরি হয়েছে। 45টি স্টেট ও 20টি কাউন্টির প্রায় 3,600 স্বেচ্ছাসেবক অনুষ্ঠানটির সার্বিক আয়োজনে সহায়তা করবে। PGA চ্যাম্পিয়নশীপটির একটি ব্যাপক বৈশ্বিক পদচিহ্ন থাকবে; টুর্নামেন্টটি 200টি দেশ অর্ধ-বিলিয়নের বেশি দর্শকের নিকট সম্প্রচার করবে এবং যা 1,000 জন গণমাধ্যম কর্মী সরাসরি কাভার করবে।

ছুটির দিনগুলোর টিকেট ইতোমধ্যে বিক্রয় হয়ে গেছে এবং 50টি স্টেট ও 45টি রাষ্ট্রের 200,000-এরও বেশি দর্শনার্থী পেশাদার গলফ-এর সর্বাধিক প্রতিযোগিতাপূর্ণ ক্রীড়াবিদগণ ওয়ানামেকার ট্রফি (Wanamaker Trophy)-এর জন্য তুমুল প্রতিদ্বন্দ্বিতা প্রত্যক্ষ করবেন।

PGA চ্যাম্পিয়নশীপ-এর সপ্তাহের ও ছুটির দিনের সবগুলো টিকেট বিক্রয় হয়ে যাওয়া সত্ত্বেও সোম থেকে শুক্রবারের কিছু একদিনের টিকেট অবশিষ্ট রয়েছে। ক্রীড়াপ্রেমীগণ এখানে টিকেট কিনতে পারবেন। 2019 PGA চ্যাম্পিয়নশীপ সম্পর্কে আরও জানতে এখানে ক্লিক করুন।

PGA চ্যাম্পিয়নশীপটি এছাড়া স্টেটের কিছু শিল্পকেও তুলে ধরার সুযোগ সৃষ্টি করেছে। আমি নিউইয়র্ককে ভালোবাসি (I LOVE NY) এবং নিউইয়র্ক স্টেট পার্ক ফান জোন (Fan Zone)-এ "নিউইয়র্ক স্টেট অভিজ্ঞতা" (New York State Experience) বিনিময় সেশন আয়োজন করবে যা স্টেটের প্রধান কোর্সসমূহ, গলফ গেটএওয়েজ, ও ভ্রমণের স্থানগুলো তুলে ধরবে। গলফ কোর্স-এ দর্শনার্থীরা হোল (Hole) 14-তে অবস্থিত টেস্ট নিউইয়র্ক (Taste NY Concession) পরিদর্শন করতে পারেন যাতে লং আইল্যান্ড ও স্টেটের বিভিন্ন স্থানের নানা প্রকার খাবার ও পানীয় তুলে ধরা হয়েছে। খাবার মেন্যুতে রয়েছে নর্থ ফোর্ক পটেটো চিপস (কাচোগ, নিউইয়র্ক (Cutchogue, NY)) এবং বিগেল বেকারি (Beigel's Bakery) ব্ল্যাক এন্ড হোয়াইট কুকিজস (ব্রুকলিন, নিউইয়র্ক (Brooklyn, NY)) প্রভৃতি প্রস্তুত স্ন্যাক্স, এবং পাশাপাশি রয়েছে স্থানীয় উপাদান দিয়ে তৈরি নিউইয়র্কের চিরায়ত বিফ এন্ড ওয়েক (Beef on Weck), সাউদার্ন টিয়ার স্পিডিজ (Southern Tier Spiedies) এবং নিউইয়র্ক স্টেট চিজ প্লেট। এতে এছাড়াও থাকবে স্টেটের নানা প্রান্ত থেকে আসা ক্র্যাফ্ট বিয়ার ও ওয়াইন।

নিউইয়র্কের ক্রমবর্ধমান উদ্ভাবনী পাণীয় শিল্পের প্রসারে, টেস্ট নিউইয়র্ক (Taste NY) নিউইয়র্ক স্টেট ওয়াইন ও গ্রেপ ফাউন্ডেশন (NYS Wine and Grape Foundation) ও অপিচি ডিস্ট্রিবিউটিং (Opichi

Distributing)-এর সাথে অংশীদারিত্ব প্রতিষ্ঠা করেছে যাতে টুর্নামেন্টের ওয়ানামেকার ক্লাব (Wanamaker Club) হসপিটালিটি স্থানে নিউইয়র্কের পুরস্কার-বিজয়ী ওয়াইন প্রদর্শন করা যায়। এছাড়া, নিউইয়র্ক ওয়াইন ও গ্রেপ ফাউন্ডেশন (New York Wine and Grape Foundation) নির্বাচিত কিছু সময়ে চেজ স্যাপায়ার লাউঞ্জে (Chase Sapphire Lounge) নিউইয়র্ক ওয়াইনসমূহ চেখে দেখার ব্যবস্থা করেছে।

নিউইয়র্ক স্টেট পার্কগুলির ভারপ্রাপ্ত কমিশনার এরিক কুলেসেইড বলেছেন, "আমরা সারা বিশ্বের গলফার, দর্শনার্থী ও টেলিভিশনের দর্শকদেরকে আমাদের অনন্যসাধারণ সরকারি স্থাপনা বেথপেজ স্টেট পার্ক (Bethpage State Park)-এ গলফ খেলার অন্যতম সেরা ও চ্যালেঞ্জিং কিছু অভিজ্ঞতা উপভোগের আহ্বান জানাই। আমরা অঙ্গীকার করছি যে টুর্নামেন্ট দেখতে যারা লং আইল্যান্ডে আসবেন তারা অপ্রতিদ্বন্দ্বী আতিথেয়তা পাবেন যা আমাদের স্টেট ও পার্ক সিস্টেমের ঐতিহ্য।"

"আমরা যখন নিউইয়র্ক স্টেট পার্কস (New York State Parks), নাসাউ ও সাফোল্ক কাউন্টিজ (Nassau and Suffolk Counties), নিউইয়র্ক স্টেট পুলিশ (NY State Police), MTA/LIRR, এবং বিশ্বের সেরা গলফ মাঠ - বেথপেজ ব্ল্যাক (Bethpage Black)-এর সাথে অংশীদারিত্ব প্রতিষ্ঠা করেছি তখন গলফের তারকারা সবাই PGA চ্যাম্পিয়নশীপের এই 101তম সংস্করণে হাজির হয়েছেন," **PGA আমেরিকা (PGA of America)-র সিইও সেথ ওয়াহ বলেন।** "আমরা মে মাসে ক্রীড়ানুষ্ঠানটি সরিয়ে নিতে পেরে উৎফুল্ল কারণ এটি ক্রীড়াপ্রেমীদের জন্য আরও বেশি সৌভাগ্যজনক হয়েছে যে তারা বেথপেজ ব্ল্যাক-এ বিশ্বের সেরা খেলোয়াড়দের এবং আমাদের গতবারের চ্যাম্পিয়ন ব্রুকস কোয়েপকা (Brooks Koepka) ও টাইগার (Tiger)-দের মতো খেলোয়াড়দের দেখার সুযোগ পেয়েছে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, চিফ একজেকিউটিভ অফিসার এবং কমিশনার হাওয়ার্ড জেমস্কি বলেন, "আমরা PGA চ্যাম্পিয়নশীপ ও এর ভক্তদের লং আইল্যান্ডের দর্শনীয় স্থান বেথপেজ স্টেট পার্ক-এ স্বাগত জানাই, এবং আমি আশা করি যে অনুষ্ঠানটির বৈশ্বিক প্রচারণা, আমাদের স্টেটকে বিশ্বের কাছে তুলে ধরার ফলে আরও বেশি সংখ্যক ভ্রমণপিপাসু মানুষ তাদের ছুটি কাটাতে নিউইয়র্ক স্টেটে আসার পরিকল্পনা করবেন।"

নিউইয়র্ক স্টেট কমিশনার অব এগ্রিকালচার অ্যান্ড মার্কেটস (Commissioner of Agriculture and Markets) রিচার্ড এ. বল বলেন, "আমরা এই ক্রীড়া অনুষ্ঠানটি নিয়ে দারুণভাবে উৎফুল্ল, এটি এ অঞ্চলে অর্থনৈতিক প্রাণচাঞ্চল্য নিয়ে আসবে এবং আমাদের টেস্ট নিউইয়র্ক অংশীদারদেরকে হাজারো পরিদর্শক, দর্শনার্থীর নিকট পৌঁছাতে সহায়তা করবে; এছাড়া এটি নিউইয়র্ক স্টেটের খাদ্য ও পাণীয়ের নতুন-নতুন বাজার উন্মুক্ত করবে - পণ্যগুলো টুর্নামেন্টে তুলে ধরা হবে। নিউইয়র্কের সেরা দিকগুলো তুলে ধরায় সহায়তা করার জন্য আমরা গভর্নর ও আমাদের অংশীদারদের ধন্যবাদ জানাই।"

সেনেটর কেভিন টমাস বলেছেন, "বিশ্বের সেরা গলফারগণ বেথপেজ ব্ল্যাকে মিলিত হওয়ার জন্য প্রস্তুত। এটি প্রায় 200,000 মানুষের জন্য বড় ধরনের অর্থনৈতিক সুবিধা বয়ে আনবে যারা গলফ ময়দানে তাদের প্রিয় খেলা দেখার জন্য প্রস্তুত। PGA চ্যাম্পিয়নশীপ এই অঞ্চলে 1,000টিরও বেশি কর্মসংস্থান এবং 100 মিলিয়ন ডলারেরও বেশি অর্থনৈতিক সুবিধা বয়ে নিয়ে আসবে। লং আইল্যান্ডে গিয়ে বেথপেজ স্টেট পার্কের অতিথিগণ সেখানকার আতিথেয়তা ও রেস্তোঁরা খাতের বিকাশেও ভূমিকা রাখবে। আমাদের অঞ্চলে বড় ধরনের ক্রীড়া অনুষ্ঠান আয়োজনের সবচেয়ে বড় সুবিধাভোগী হচ্ছে স্থানীয় ব্যবসা প্রতিষ্ঠানগুলো।"

এসেম্বলী সদস্য চাক লেভাইন বলেন, "বেথপেজ ব্ল্যাক বহু বছর ধরে ঐতিহাসিক চ্যাম্পিয়নশীপের এর জন্য বিখ্যাত ছিলো, এবং বেথপেজ, লং আইল্যান্ড সঠিক কারণেই বিশ্ব পরিচিতি পেয়েছে। নিউইয়র্কের অধিবাসী হিসেবে এবং নিউইয়র্ক স্টেটের প্রতিনিধি হিসেবে 101তম PGA চ্যাম্পিয়নশীপকে এ বছর পুনরায় বেথপেজ স্টেট পার্ক-এ স্বাগত জানানো আনন্দের।"

নিউইয়র্ক ওয়াইন এন্ড গ্রেপ ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক স্যাম ফিলার বলেন, "PGA চ্যাম্পিয়নশীপের অংশীদার হতে পেরে হাজারো দর্শনার্থীকে নিউইয়র্ক স্টেটের আঙুর ক্ষেত ও এর উৎপাদকদের সেরাটুকু দেখার সুযোগ করে দিতে পেরে আমরা দারুণভাবে উৎফুল্ল! আমরা আমাদের সদস্যদের কাছ থেকে চমৎকার ও নানা স্বাদের নির্বাচিত ওয়াইন তুলে ধরতে চাই।"

PGA চ্যাম্পিয়নশীপ পরিচিতি

PGA চ্যাম্পিয়নশীপ পুরুষ গলফ-এর সকল-পেশাদার খেলোয়াড়ের একমাত্র প্রতিযোগিতা। এটির যাত্রা শুরু হয় 1916 সালে, PGA আমেরিকার জন্মের কয়েক মাস পরেই, এবং এটি প্রতিবছর সব গলফ চ্যাম্পিয়নশীপ প্রতিযোগিতা থেকে বাছাই করা (Official World Golf Rankings) শীর্ষ 100 খেলোয়াড়কে এই প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ প্রদান করে।

PGA আমেরিকা (PGA of America) পরিচিতি

PGA আমেরিকা বিশ্বের সবচেয়ে বড় ক্রীড়া সংগঠনগুলোর একটি; এতে প্রায় 29,000 পেশাদার খেলোয়াড় সদস্য হিসেবে রয়েছেন যারা গলফ খেলার প্রতি মানুষের আগ্রহ তৈরি ও অংশগ্রহণ বাড়াতে নিয়মিত কাজ করেন। PGA আমেরিকা সম্পর্কে আরও জানতে PGA.org পরিদর্শন করুন, Twitter-এ @PGA অনুসরণ করুন, এবং খুঁজে নিন Facebook-এ।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov

নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন